ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১৯৮

আগরতলা, ১৩ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'আইন ভঙ্গ করছে খোদ সরকার- সরকারি দপ্তরেই চলছে ফিটনেস ও ইনসিওরেন্সহীন গাড়ি, সমালোচনার ঝড়' শিরোনামে ০৫-০৯-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে পরিবহণ দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে যে, পরিবহণ দপ্তরের প্রস্তাব অনুসারে অর্থ দপ্তরের অনুমোদনক্রমে ভেহিক্যাল স্ক্র্যাপিং পলিসি-২০২৪ বাস্তবায়িত হওয়ার কথা। এর আওতায় ১৫ বছরের বেশি পুরনো সরকারি গাড়ি ভেঙ্গে ফেলা এবং সেজন্য রাজ্যে রেজিস্টার্ড ভেহিক্যাল স্ক্র্যাপিং ফ্যাসিলিটি (আরভিএসএফ) এবং এটিএস গড়ে তোলার কথা বলা হয়েছে। কিন্তু দপ্তর চাইলে তাৎক্ষণিকভাবে আরভিএসএফ স্থাপনের উদ্যোগ নিতে পারে। তবে মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুসারে দপ্তর প্রাথমিক পর্যায়ে ৪১২টি গাড়িকে ভেঙ্গে ফেলবে।

অন্যদিকে মোটর ভেহিক্যাল অ্যাক্ট ১৯৮৮ অনুসারে রাজ্য বা কেন্দ্রীয় সরকারের দ্বারা ব্যবহৃত গাড়ির (যদি না বাণিজ্যিক কারণে ব্যবহৃত হয়) জন্য বীমা করানো বাধ্যতামূলক নয়।

*****